

## আল-গাশিয়া | Al-Ghashiya | الْغَاشِيَةِ

আয়াতঃ ৮৮ : ২

আরবি মূল আয়াত:

وَجُوهٌ يَّوْمَئِذٍ خَاشِعَةٌ ﴿٢﴾

অনুবাদসমূহ:

সেদিন অনেক চেহারা হবে অবনত। — আল-বায়ান

কতক মুখ সেদিন নীচু হবে — তাইসিরুল

সেদিন বহু মুখমণ্ডল অবনত হবে; — মুজিবুর রহমান

[Some] faces, that Day, will be humbled, — Sahih International

২. সেদিন অনেক চেহারা হবে অবনত(১),

(১) কিয়ামতে মুমিন ও কাফের আলাদা আলাদা বিভক্ত দু' দল হবে এবং মুখমণ্ডল দ্বারা পৃথকভাবে পরিচিত হবে। এই আয়াতে কাফেরদের মুখমণ্ডলের এক অবস্থা এই বর্ণিত হয়েছে যে, তা خَشْوَعٌ অর্থাৎ হেয় হবে। خَشْوَعٌ শব্দের অর্থনত হওয়া ও লাঞ্ছিত। হওয়া। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

২। সেদিন বহু মুখমণ্ডল হবে লাঞ্ছিত; [1]

[1] অর্থাৎ, কাফেরদের মুখমণ্ডল। خَاشِعَةٌ অর্থ হল অবনত, বিনীত বা লাঞ্ছিত। যেমন, নামাযী নামাযের অবস্থায় আল্লাহর সামনে মিনতির সাথে বিনীত থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5969>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন